

“২০১৭ সালের আলিম পরীক্ষার ফলাফলে রাজবাড়ীতে এবারো ভান্ডারিয়া সি: কামিল মাদরাসা শীর্ষে”

২০১৭ সালের আলিম পরীক্ষার ফলাফলে রাজবাড়ী জেলার ঐতিহ্যবাহী ভান্ডারিয়া সিদ্বিকীয়া কামিল মাদরাসার ধারাবাহিক সাফল্য অব্যাহত রয়েছে। মোট ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ জন জিপিএ-৫.০০ (A+), ২২ জন ৪.০০ (A), ৯ জন জিপিএ-৩.৫০ (A-), ৪ জন জিপিএ-৩.০০ (B) পেয়েছে। উল্লেখ্য রাজবাড়ী জেলার ৫টি A+ এর মধ্যে ৪টি A+ ভান্ডারিয়া মাদরাসায় পেয়েছে।। মাদরাসাটি রাজবাড়ীতে এবারও সেরা ফলাফল অর্জন করেছে।

আমীরে সালেকীন ভান্ডারিয়ার পীর আলহাজ হ্যরত হ্যরত মাওলানা মোজাম্মেল হক সাহেব কর্তৃক প্রতিষ্ঠিত ও তার পৃষ্ঠপোষকতায় পরিচালিত, সুন্নতে নববীর অনুসরণে বদ্ধপরিকর, সহশিক্ষামুক্ত, প্রচলিত দলীয় রাজনীতিমুক্ত, মনোরম আবাসিক পরিবেশে পরিচালিত এ মাদরাসাটি প্রতিষ্ঠালগ্ন ১৯৫৫ খ্রী: থেকেই সকল পরীক্ষায় প্রতিবছর কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করে আসছে। উল্লেখ্য, ইতোপূর্বে এ প্রতিষ্ঠান দাখিল পরীক্ষায় ২০১৪ সালে ঢাকা বিভাগে ১৬ তম, ২০১৩ সালে সারাদেশে ১৩ তম, ২০১২ সালে ঢাকা বিভাগে ৯ম ও সারাদেশে ২৬তম, ২০১১ সালে জে.ডি.সি পরীক্ষায় ঢাকা বিভাগে ১৩তম ও সারাদেশে ২৭ তম স্থান অর্জন করেছিল।

মহান আল্লাহর বিশেষ রহমত, ছাত্রদের কর্তৃর সাধনা, শিক্ষকবৃন্দের নিষ্ঠার সাথে পাঠদান এবং অভিভাবকদের আন্তরিক সহযোগিতা উক্ত সাফল্যের মূল কারণ বলে মনে করেন ভান্ডারিয়া দরবার শরীফের গদ্দিনশীল পীর ও ভান্ডারিয়া ছিদ্বিকীয়া কামিলল মাদরাসার সুযোগ্য প্রিসিপাল আলহাজু হ্যরত মাওলানা আবুল এরশাদ মোঃ সিরাজুম্মুনির সাহেব। তিনি সকলকে আন্তরিক মোবারকবাদ জানিয়ে দোয়া কামনা করেছেন।